গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
পরিকল্পনা শাখা-৩

নথি নং -২৭.০০.০০০০.০৮৩.০১৪.০৯.০০.১৭.২০১৫-২০০ তারিখঃ ১৬-০৫-২০১৬

বিষয়ঃ ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের এপ্রিল, ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

গত ০৫-০৫-২০১৬ তারিখে বিদ্যুৎ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের এপ্রিল, ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

০২। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির পূর্নাঙ্গ প্রতিবেদন আগামী ২৬-০৫-২০১৬ তারিখের মধ্যে এ বিভাগে আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযোজনীঃ বর্ণনামতে।

ARhan
১৬/০৫/২০১৬
(মোঃ সোহেলুর রহমান খান)
সিনিয়র সহকারী প্রধান
ফোন- ৯৫৫৮৮৬৭

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
০৩। সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা (দৃঃ আঃ পরিচালক-৫)।
০৪। সচিব, আইএমইডি (শিল্প ও শক্তি) শেরে বাংলা নগর, ঢাকা।
০৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন), বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। প্রধান (কার্যক্রম) পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৭। প্রধান (শক্তি) পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৮। চেয়ারম্যান, স্রেডা, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
০৯। চেয়ারম্যান, বিউবো, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
১০। চেয়ারম্যান, আরইবি, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
১১। মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন, রমনা ঢাকা।
১২। উপ-সচিব (প্রশাসন),বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিবি, ৫ম তলা, আইইবি ভবন (নিউ বিল্ডিং), রমনা, ঢাকা
১৪। ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো, বনানী, ঢাকা।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো, বিদ্যুৎ ভবন, বয়রা, খুলনা।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোং লিঃ, আশুগঞ্জ, বি-বাড়ীয়া।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১৮। ব্যবস্থাপনা পরিচালক, ইজিসিবি, কাওরান বাজার, ঢাকা।
১৯। ব্যবস্থাপনা পরিচালক, NWPGCL, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
২০। ব্যবস্থাপনা পরিচালক, কোল পাওয়ার জেনারেশন কোং, ইউনিক হাইটস (লেভেল-১৭), রমনা, ঢাকা।
২১। ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল, উত্তরা মডেল টাউন, ঢাকা।
২২। প্রকল্প পরিচালক, উইন্ড ম্যাপিং রিসোর্স প্রকল্প, বিদ্যুৎ বিভাগ।
২৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামর, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [কার্যবিবরণীটি এ বিভাগের Website এ সন্নিবেশ করার অনুরোধসহ]।
২৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপিঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
৪। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
পরিকল্পনা শাখা-৩

বিষয়ঃ ২০১৫-১৬ অর্থ বছরের আরএডিপি-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের এপ্রিল, ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

বিদ্যুৎ বিভাগের সচিবের সভাপতিত্বে ২০১৫-১৬ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের এপ্রিল, ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা ০৫-০৫-২০১৬ তারিখে বিদ্যুৎ ভবনস্থ বিজয় হলে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট -'ক' তে দ্রষ্টব্য।

২.০ আলোচনা:

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিদ্যুৎ বিভাগের যুগ্ম-প্রধান সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় জানানো হয় যে, ২০১৫-১৬ অর্থ বছরের আরএডিপি-তে বিদ্যুৎ বিভাগের বিভিন্ন সংস্থার আওতাভুক্ত প্রকল্পসমূহের অনুকূলে মোট ১৫৪৭৬.২১ কোটি টাকা বরাদ্দ আছে। তন্মধ্যে জিওবি ৭১৭৭.৫০ কোটি এবং প্রকল্প-সাহায্য ৮২৯৮.৭১ কোটি টাকা। প্রকল্পসমূহের বিপরীতে এপ্রিল, ২০১৬ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৯৩৮৮.০১ কোটি টাকা যা মোট বরাদ্দের ৬০.৬৬%। প্রকল্প সাহায্য ব্যয় হয়েছে ৫০৫৪.৪৮ কোটি টাকা (৬০.৯১%) এবং জিওবি অর্থ ব্যয় হয়েছে ৪৩৩৩.৫৩ কোটি টাকা (৬০.৩৮%)। ভৌত অগ্রগতি হয়েছে ৬৩.১২%। এডিপি বাস্তবায়ন অগ্রগতির জাতীয় গড় ৫৪%, বিদ্যুৎ বিভাগ এর চেয়ে ৮% বেশি। গত বছরের একই সময়ে এডিপি বাস্তবায়নের আর্থিক ও ভৌত অগ্রগতি ছিল যথাক্রমে ৬৪.৪১ ও ৬৫.৪৬%।

২.২ সভায় জানানো হয় যে, বিদ্যুৎ বিভাগে চলমান মোট ৮২টি প্রকল্পের মধ্যে ২৪টি প্রকল্পের আর্থিক অগ্রগতি শূন্য। তন্মধ্যে ৬টি প্রকল্পের অনুকূলে আরএডিপি-তে কোনো বরাদ্দ নেই। ৩০টি প্রকল্পের অগ্রগতি ৬০% এর নিচে এবং ২৮টি প্রকল্পের অগ্রগতি ৬০% এর বেশি।

২.৩ সভাপতি চলতি অর্থ বছরের এপ্রিল মাস পর্যন্ত আর্থিক অগ্রগতি ৬০.৬৬% যা ২০১৪-১৫ অর্থ বছরে একই সময়ের তুলনায় ৩.৭৫% কম হওয়ায় বিশেষ করে ২৪টি প্রকল্পের আর্থিক অগ্রগতি শূণ্য হওয়ায় তীব্র অসন্তোষ ব্যক্ত করেন। তিনি এডিপি বরাদ্দ ব্যয়ের কার্যক্রম আরো জোরদার করার জন্য সংশ্লিষ্ট সংস্থা প্রধান ও প্রকল্প পরিচালকগণকে পরামর্শ প্রদান করেন। সভাপতি অপেক্ষাকৃত কম অগ্রগতিসম্পন্ন প্রকল্পসমূহের বাস্তবায়ন কার্যক্রম নিবিড় পরিবীক্ষণের জন্যও সংস্থা প্রধানগণ-কে নির্দেশনা প্রদান করেন।

৩.০ সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.১	"ইনস্টলেশন অব ৫ মেঃওঃ সোলার ফটোভোটাইক গ্রীড কানেকটেড পাওয়ার প্ল্যান্ট ইন কাপ্তাই" শীর্ষক প্রকল্পের কাজের জন্য NOA জারীর পর চুক্তি সম্পাদন না করা সংশ্লিষ্ট ঠিকাদারি প্রতিষ্ঠান যাতে ভবিষ্যতে বিদ্যুৎ খাতের কোন কাজে নিয়োজিত হতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। একই সাথে উক্ত ঠিকাদার কর্তৃক প্রদত্ত ত্রুটিপূর্ণ ব্যাংক গ্যারান্টি গ্রহণের জন্য দায়ী সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নিতে হবে।	বাবিউবো

চলমান পাতা # ২

৩.২	"Patuakhali-Gopalganj 400kV Line & Gopalganj 400kV Super Grid Sub-station" সঞ্চালন লাইন নির্মাণ প্রকল্পের ডিপিপি জরুরী ভিত্তিতে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে।	পিজিসিবি
৩.৩	"পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণ বরিশাল বিভাগীয় কার্যক্রম-১" প্রকল্পের আমদানিকৃত মালামাল বন্দর হতে অবমুক্ত/খালাস করার বিষয়ে উদ্ভূত জটিলতা এনবিআর এর সাথে যোগাযোগ করে দ্রুত সমাধানের ব্যবস্থা নিতে হবে।	বাপবিবো
৩.৪	উন্নয়ন প্রকল্পে একসাথে একাধিক উন্নয়ন সহযোগীর Co-Financing/অর্থায়ন প্রস্তাব সাধারণভাবে পরিহার করতে হবে।	সকল সংস্থা

৪.০ অন্য কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫.৫.১১

(মনোয়ার ইসলাম)
সচিব